০৩ এপ্রিল ২০১৯

# চাঁপাইনবাবগঞ্জ সীমান্তে 'বিএসএফ'র গুলিতে ২ বাংলাদেশী নিহত :

## আইন ও সালিশ কেন্দ্র (আসক)-এর নিন্দা ও গভীর উদ্বেগ

চাঁপাইনবাবগঞ্জের শিবগঞ্জ উপজেলায় মাসুদপুর সীমান্তে ২ বাংলাদেশী নাগরিক ভারতীয় সীমান্তরক্ষী বাহিনী বর্ডার সিকিউরিটি ফোর্স (বিএসএফ) এর গুলিতে নিহতের ঘটনা ঘটেছে। আইন ও সালিশ কেন্দ্র (আসক) এ ঘটনায় নিন্দা ও গভীর উদ্বেগ প্রকাশ করছে।

গণমাধ্যম সূত্রে জানা যায়, গত ১ এপ্রিল ২০১৯ তারিখে চাঁপাইনবাবগঞ্জের শিবগঞ্জ উপজেলার তারাপুর মোড়লপাড়ার বেলাল উদ্দিনের ছেলে মোঃ মিলন (১৭) ও তারাপুর ঠুটাপাড়ার মোঃ সেনারুল (২৫) নামে দু'জন ব্যক্তি ভারতীয় সীমান্তরক্ষী বাহিনী বিএসএফ এর গুলিতে নিহত হয়েছেন। মিলনের লাশ তারাপুর গ্রামের পাশে একটি আমবাগানে পাওয়া যায় এবং সেনারুলকে আহত অবস্থায় চিকিৎসার জন্য নিয়ে যাওয়ার সময় পথে তার মৃত্যু হয়। এ নিয়ে চলতি বছর বিএসএফ কর্তৃক ১০ জন বাংলাদেশী নিহত হওয়ার ঘটনা ঘটে। ২০১৮ সালে ভারতীয় সীমান্তরক্ষী বাহিনী বিএসএফ কর্তৃক ১৫ জন বাংলাদেশী নিহত হয়েছে। আসক গভীর উদ্বেগের সাথে লক্ষ্য করছে, বিজিবির পক্ষ থেকে সীমান্ত হত্যা শুণ্যে নামিয়ে আনার আশ্বাস সত্ত্বেও সীমান্তে এ ধরনের অনাকাঙ্খিত ঘটনা ঘটেই চলেছে।

আইন ও সালিশ কেন্দ্র (আসক) মনে করে সীমান্ত হত্যা-নির্যাতন মানবাধিকার ও আন্তর্জাতিক আইনের সুস্পষ্ট লঙ্ঘন। তাই আসক এ ধরনের ঘটনা বন্ধে দুই দেশের সরকার ও প্রশাসনকে আরো কার্যকর ও দায়িত্বশীল ভূমিকা পালন করার দাবি জানাচ্ছে।

আসক একটি মানবাধিকার ও আইনগত সহায়তা কেন্দ্র
Ain o Salish Kendra (ASK) is a human rights and legal aid resource centre in consultative status with UNECOSOC
7/17, Block-B, Lalmatia, Dhaka-1207, Bangladesh, G.P.O. Box : 3252, Tel : +88-02-8100192, 8100195, 8100197, Fax : +88-02-8100187
Email : ask@citechco.net, Website : www.askbd.org